

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমান বন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-বিআরটিএ/৭টি-১(১১৬)/২০০৫-

তারিখ : ১৩/০৮/২০০৮খ্রিঃ।

বিষয়ঃ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

নিম্নোক্ত জরুরী বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় শেষ পৃষ্ঠায় (বিজ্ঞাপনের আয়তন-৫"X৩) পর পর দুইদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২। বিজ্ঞাপন প্রকাশের ব্যয় এ অথরিটির প্রচার ও বিজ্ঞাপন ব্যয় খাত ৪৮৩৩(৩/৫০৪৩/০০০০/৪৮৩৩) থেকে নির্বাহ করা হবে।

ঃ বিআরটিএ'র বিজ্ঞপ্তি :

পেট্রোল/ডিজেল হতে সিএনজি জ্বালানীতে রূপান্তরিত মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে জ্বালানীর ধরণ সংশোধন ও ফিটনেস সার্টিফিকেট প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিএনজি চালিত মোটরযানে রূপান্তর করার নিরাপত্তা আইন ও কারিগরী দিক বিবেচনার লক্ষ্যে যোগাযোগ মন্ত্রণালয়ে ০৫/০৩/২০০৮ ইং তারিখে অনুষ্ঠিত আলমন্ত্রণালয় সভার সিএনজি জ্বালানীতে রূপান্তরিত মোটরযানসমূহের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে জ্বালানীর ধরণ সংশোধনের বিষয়ে গৃহিত ৪(ক) ও ৪(খ) সিদ্ধান্ত নিম্নরূপ :

৪(ক) পেট্রোল চালিত মোটরযানের ক্ষেত্রে :- রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (RPGCL) হতে অনুমোদন প্রাপ্ত কনভারশন প্রতিষ্ঠানের সনদ, মোটরযান পরিদর্শকের পরিদর্শন প্রতিবেদন ও সরকারী রাজস্ব গ্রহণপূর্বক গাড়ীর মালিকের আবেদনের ভিত্তিতে পেট্রোল ইঞ্জিন হতে সিএনজি/পেট্রোল উভয় জ্বালানীতে চালিত গাড়ীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন সার্টিফিকেটে জ্বালানীর ধরনের স্থানে পেট্রোলের পরিবর্তে পেট্রোল/সিএনজি লিপিবদ্ধ করা যাবে। শুধুমাত্র পেট্রোল লিপিবদ্ধ হলেও চলবে।

৪(খ) ডিজেল চালিত মোটরযানের ক্ষেত্রে :- আরপিজিসিএল ডিজেল গাড়ীকে সিএনজিতে কনভারশনের ক্ষেত্রে একটি স্ট্যান্ডার্ড (মান) তৈরী করবে। এ ধরণের মান বজায় রেখে কনভারশন করার জন্য যে সকল ওয়ার্কসপ/কনভারশন সেন্টারকে অনুমতি দিবে, তার তালিকা বিআরটিএতে প্রেরণ করবে। রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (RPGCL) হতে অনুমোদন প্রাপ্ত কনভারশন প্রতিষ্ঠানের সনদ, মোটরযান পরিদর্শকের পরিদর্শন প্রতিবেদন ও সরকারী রাজস্ব গ্রহণপূর্বক গাড়ীর মালিকের আবেদনের ভিত্তিতে ডিজেল ইঞ্জিন হতে সিএনজি জ্বালানীতে রূপান্তরিত গাড়ীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন সার্টিফিকেটে জ্বালানীর ধরণের স্থানে ডিজেলের পরিবর্তে সিএনজি লিপিবদ্ধ করা যাবে।

এমতাবস্থায়, সিএনজি জ্বালানীতে রূপান্তরিত মোটরযানের মালিকগণ কে আরপিজিসিএল কর্তৃক অনুমোদিত রূপান্তর কারখানা কর্তৃক প্রদত্ত কনভারশন সংক্রান্ত সনদ গ্রহণ পূর্বক উল্লিখিত ৪(ক) ও ৪(খ) সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট বিআরটিএ অফিস হতে সিএনজি জ্বালানীতে রূপান্তরিত মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে জ্বালানীর ধরণ সংশোধন পূর্বক ফিটনেস সার্টিফিকেট গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

শেখ মোহাম্মদ মাহবুব-ই-
রব্বানী

বিতরণ :

সম্পাদক, দৈনিক আমারদেশ, দৈনিক নয়াদিগন্ত, দৈনিক ইনকিলাব, দৈনিক প্রথম আলো, দৈনিক ইত্তেফাক, দৈনিক আমাদের সময়, দৈনিক সমকাল, দৈনিক খবরপত্র, দৈনিক বাংলাবাজার পত্রিকা।

(শেখ মোহাম্মদ মাহবুব-ই-
রব্বানী)

উপ- পরিচালক (ইঞ্জিঃ)

ফোন : ৯১৩০৭৪২

অনুলিপি :

- ১। পরিচালক(অপারেশন), বিআরটিএ (বিজ্ঞপ্তি বিআরটিএ'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহকারে)।
- ২। পরিচালক(প্রশাসন), বিআরটিএ, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, বিআরটিএ, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
- ৪। সহকারি সচিব, সড়ক ও রেলপথ বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, পরিবহন-১ শাখা, ঢাকা।
- ৫। সহকারি পরিচালক(ইঞ্জিঃ) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ, বিআরটিএ,----- (সংশ্লিষ্ট)।